যুগান্তর

তারিখ 31 DEC 2013
পৃষ্ঠা ৭ কলাম ৭

প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনীতে ছেলেরা এগিয়ে

যুগান্তর রিপোর্ট

প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষায় পাসের হারের দিক দিয়ে ছেলেরা এগিয়ে রয়েছে। সমাপনীতে ছেলেদের পাসের হার ৯৮ দশমিক ৬২ আর মেয়েদের ক্ষেত্রে ৯৮ দশমিক ৫৪। ইবতেদায়িতে ছেলেদের পাসের হার ৯৬ দশমিক ১৮ আর মেয়েদের ৯৫ দশমিক ৪৪ ভাগ। অপর দিকে জিপিএ-৫ প্রাপ্তির দিক দিয়ে ইবতেদায়িতে ছেলেরা বিপুল ব্যবধানে এগিয়ে থাকলেও প্রাথমিকে মেয়েরা এগিয়ে রয়েছে। প্রাথমিকে মোট জিপিএ-৫ প্রাপ্ত ২ লাখ ৪৩ হাজার ৯৬১ জন শিক্ষার্থীর মধ্যে ছেলে ১ লাখ ১১ হাজার ১৭৬ ও মেয়ে ১ লাখ ২৭ হাজার ৭৮৫ জন। ইবতেদায়িতে মোট ৭ হাজার ২৫৩ জন জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর মধ্যে ছেলে ৪ হাজার ৫৬৪ আর মেয়ে ২ হাজার ৬৮৯ জন। ২০১৩ সালের চলতি বিচারে দেখা যায়, সমাপনীতে সম্মিলিত পাসের হার ৯৮ দশমিক ৫৮ ভাগ। এর মধ্যে ছেলেদের পাসের হার ৯৮ দশমিক ৬২ আর মেয়েদের ক্ষেত্রে ৯৮ দশমিক ৫৪। পাসের হারের দিক দিয়ে সমাপনীতে এগিয়ে আছে বরিশাল বিভাগ। এ বিভাগে পাসের হার ৯৯ দশমিক ২৫ ভাগ। যার মধ্যে ছেলে ৯৯ দশমিক ১৬ আর মেয়ে ৯৯ দশমিক ৩২ ভাগ। কুমিল্লা বিভাগের পাসের হার ৯৯ ভাগ। যার মধ্যে ছেলে ৯৮ দশমিক ৯৫ ও মেয়ে ৯৯ দশমিক শূন্য ৫। রাজশাহী বিভাগে পাসের হার ৯৮ দশমিক ৫৪ ভাগ। এরমধ্যে ছেলেদের পাসের হার ৯৮ দশমিক ৬৫ আর মেয়েদের পাসের হার ৯৯ দশমিক ৪৪ ভাগ। ঢাকা বিভাগে পাসের হার ৯৮ দশমিক ৭০ ভাগ। যার মধ্যে ছেলে ৯৮ দশমিক ৭৮ ভাগ আর মেয়ে ৯৮ দশমিক ৬৩। চট্টগ্রাম বিভাগের পাসের হার ৯৮ দশমিক ৭৬ ভাগ। যার মধ্যে ছেলে ৯৮ দশমিক ৭৮ আর মেয়ে ৯৯ দশমিক ৭৯। সিলেট বিভাগের গড় পাসের হার ৯৬ দশমিক ৫৪ ভাগ। যার মধ্যে ছেলে ৯৬ দশমিক ৫৫ আর মেয়ে ৯৬ দশমিক ৫৪ ভাগ। রংপুর বিভাগে এ হার মোট ৯৮ দশমিক ৩৬ ভাগ। যার মধ্যে ছেলে ৯৮ দশমিক ৫২ আর মেয়ে ৯৮ দশমিক ২৫। মোট পাসের হারের দিক দিয়ে ইবতেদায়িতেও এগিয়ে আছে ছেলেরা। ইবতেদায়িতে ৯৫ দশমিক ৮০ ভাগ পাসের হারের মধ্যে ছেলে ৯৬ দশমিক ১৮ আর মেয়ে ৯৫ দশমিক ৪৪। এখানেও এগিয়ে আছে বরিশাল বিভাগ। এ বিভাগে পাসের হার ৯৭ দশমিক ৭৮ ভাগ। যার মধ্যে ছেলে ৯৭ দশমিক ৮৬ আর মেয়ে ৯৭ দশমিক ৭০ ভাগ। রাজশাহী বিভাগের এ হার ৯৫ দশমিক ১৫ ভাগ; যার মধ্যে ছেলে ৯৬ দশমিক ৩৬ ও মেয়ে ৯৫ দশমিক শূন্য ৯৩ ভাগ। কুমিল্লা বিভাগে পাসের হার ৯৭ দশমিক ১৫ ভাগ। এর মধ্যে ছেলেদের হার ৯৭ দশমিক ১৫ আর মেয়েদের ৯৭ দশমিক ১৪ ভাগ। ঢাকা বিভাগে পাসের হার ৯৫ দশমিক ৩৫ ভাগ। যার মধ্যে ছেলে ৯৫ দশমিক ৯২ ভাগ আর মেয়ে ৯৪ দশমিক ৮২ ভাগ। চট্টগ্রাম বিভাগে ৯৫ দশমিক ৪৯ ভাগ পাসের হারের মধ্যে ছেলে ৯৬ দশমিক ১৩ আর মেয়ে ৯৪ দশমিক ৯৩ ভাগ। সিলেট বিভাগের গড় পাসের হার ৯১ দশমিক ৬৫ ভাগ। যার মধ্যে ছেলে ৯১ দশমিক ৬৩ আর মেয়ে ৯১ দশমিক ৬৬ ভাগ। রংপুর বিভাগে মোট ৯৭ দশমিক ১০ ভাগ পাসের হারের দিক দিয়ে ছেলে ৯৭ দশমিক ৪৪ আর মেয়ে ৯৬ দশমিক ৭২ ভাগ।